

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং-১৫৮-আইন/২০২৫/২৮৬-মুসক।-জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার -

(১) বিধি ২ এর উপ-বিধি (১) এর-

(ক) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(খ) “আমদানি মূল্য” অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৭ অনুযায়ী নিরূপিত মূল্য;”;

(খ) দফা (ঝ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঝ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ঝ) “বন্ডেড ওয়ারহাউস” ও “স্পেশাল বন্ডেড ওয়ারহাউস” অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ষোড়শ অধ্যায় এ বর্ণিত, যথাক্রমে, বন্ডেড ওয়ারহাউস ও স্পেশাল বন্ডেড ওয়ারহাউস;”;

(গ) দফা (ট) বিলুপ্ত হইবে;

(২) বিধি ১২ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “তাৎক্ষণিকভাবে” শব্দের পরিবর্তে “উক্তরূপ পরিবর্তিত হইবার ১৫ (পনের) দিনের মধ্যে” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ১৮ক এর-

(ক) উপ-বিধি (১) এর দফা (খ) এ উল্লিখিত “বিল অব এন্ট্রি” শব্দগুলির পরিবর্তে “পণ্য ঘোষণা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এর দফা (খ) এ উল্লিখিত “বিল অব এন্ট্রি” শব্দগুলির পরিবর্তে “পণ্য ঘোষণা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

- (৪) বিধি ১৮গ এর দফা (ঘ) এ উল্লিখিত “বিল অব এন্ট্রির” শব্দগুলির পরিবর্তে “পণ্য ঘোষণার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৫) বিধি ২০ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “২০ (বিশ) হাজার টাকা” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “৫০ (পঞ্চাশ) হাজার টাকা” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৬) বিধি ২১ এ উল্লিখিত “তবে,” শব্দ ও কমার পর “সেবা প্রদানকারী কর্তৃক সেবা প্রদানের ক্ষেত্রে এবং” শব্দগুলি সন্নিবেশিত হইবে;
- (৭) বিধি ২৪গ এর উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;
- (৮) বিধি ২৬ এর উপ-বিধি (১), (২) ও (৩) বিলুপ্ত হইবে;
- (৯) বিধি ২৭ এর-
- (ক) উপ-বিধি (৩) এর দফা (খ) বিলুপ্ত হইবে;
- (খ) উপ-বিধি (৫) এর দফা (খ) এর উপ-দফা (আ) বিলুপ্ত হইবে;
- (১০) বিধি ৩৯ এ উল্লিখিত “সংশ্লিষ্ট কর মেয়াদের” শব্দগুলির পরিবর্তে “সংশ্লিষ্ট কর মেয়াদ বা পরবর্তী ৬ (ছয়) কর মেয়াদের” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (১১) বিধি ৪০ এর উপ-বিধি (১) এর-
- (ক) দফা (খখ) এর পর নিম্নরূপ নূতন দফা (খখখ) সন্নিবেশিত হইবে, যথা:-
- “(খখখ) নিবন্ধিত ব্যক্তি মূসক-৬.১, মূসক-৬.২ ও মূসক-৬.২.১ Enterprise Resource Planning (ERP) Software System এ সংরক্ষণ করিতে পারিবে;”;
- (খ) দফা (গ) এর উপ-দফা (আআ) বিলুপ্ত হইবে;
- (গ) দফা (চ) এর-
- (অ) উপ-দফা (আ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (আ) প্রতিস্থাপিত হইবে, যথা:-
- “(আ) উৎসে মূসক কর্তনকারী সত্তা বা সরবরাহ গ্রহীতা নিবন্ধিত হইলে সরবরাহ গ্রহীতা উৎসে কর্তনকৃত বা আদায়কৃত মূসক পণ পরিশোধ সংশ্লিষ্ট কর মেয়াদের দাখিলপত্রে বৃদ্ধিকারী সমন্বয় করিবেন। উৎসে মূসক কর্তনকারী সত্তা দাখিলপত্র দাখিল করার ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিন প্রস্থে উৎসে কর কর্তন সনদপত্র

ইস্যু করিয়া উহার মূলকপি সংশ্লিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।”;

(আ) উপ-দফা (ই) এ উল্লিখিত “, বা ক্ষেত্রমত, বিধি ৩৮ এর উপ-বিধি (৪) এর অধীন অবহিত হওয়ার” চিহ্নগুলি, শব্দগুলি ও সংখ্যাগুলি বিলুপ্ত হইবে;

(ই) উপ-দফা (ই) এর পর নিম্নরূপ নূতন উপ-দফা (ইই) সন্নিবেশিত হইবে, যথা:-

“(ইই) হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক বিল নিষ্পত্তি হয় এমন অনিবন্ধিত উৎসে কর্তনকারী সত্তার ক্ষেত্রে বিধি ৩৮ এর উপ-বিধি (৪) এর অধীন অবহিত হইবার ৩ কার্যদিবসের মধ্যে “মূসক-৬.৬” এ সনদপত্র ইস্যু করিবেন।”;

(ঈ) উপ-দফা (উ) এর পর নিম্নরূপ নূতন উপ-দফা (উ) সন্নিবেশিত হইবে, যথা:-

“(উ) সরবরাহকারী অনিবন্ধিত হইলে বা নিবন্ধিত সরবরাহকারী “মূসক-৬.৩” চালানপত্র জারি না করিলে উৎসে কর্তনকারী “মূসক-৬.৬” এ প্রত্যয়নপত্র জারি করিবে না।”;

(১২) বিধি ৪৫ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৪৫ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“৪৫। রপ্তানির ক্ষেত্রে সম্পূরক শুল্ক সমন্বয়।— যেই তারিখে পণ্যটি রপ্তানি করা হইয়াছে অথবা কোনো জাহাজ, উড়োজাহাজ বা অন্যকোনো যানে রপ্তানির লক্ষ্যে বোঝাই করা হইয়াছে উক্ত তারিখ হইতে ৬ (ছয়) মাসের মধ্যে নিবন্ধিত ব্যক্তিকে হ্রাসকারী সমন্বয় করিতে হইবে এবং হ্রাসকারী সমন্বয়ের সমর্থনে নিম্নবর্ণিত দলিলাদি দখলে রাখিতে হইবে; যথা:-

(ক) উপকরণ আমদানি ও ব্যবহারের জন্য—

(অ) রিলিজ অর্ডার বা শুল্ক-কর পরিশোধের প্রমাণসহ পণ্য ঘোষণার কপি;

(আ) কাস্টমস কর্মকর্তা কর্তৃক প্রত্যাখ্যাত ইনভয়েস ও প্যাকিং লিস্ট এর কপি;

(খ) পণ্য রপ্তানির জন্য—

- (অ) বিল অব লেডিং বা এয়ারওয়ে বিল বা ট্রাক রিসিট (প্রযোজ্য ক্ষেত্রে) এর কপি;
- (আ) এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে) এর কপি;
- (ই) বৈদেশিক মুদ্রা-প্রত্যাশাসন সনদ:

তবে, কোনো কারণে ৬ (ছয়) মাসের মধ্যে হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিতে না পারিলে বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদন সাপেক্ষে পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে একই পদ্ধতিতে হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিতে পারিবেন।”;

- (১৩) বিধি ৪৮ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত “দাখিল” শব্দের পরিবর্তে “অনুমোদন” শব্দ প্রতিস্থাপিত হইবে;
- (১৪) বিধি ৯০ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(২) নিলামে বিক্রয় ও বিক্রয়লব্ধ অর্থের বিলি বন্দেজের ক্ষেত্রে আইনের ধারা ১০০ এবং কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৩৭ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।”;

(১৫) বিধি ১০৯ এর-

- (ক) উপ-বিধি (১) এ উল্লিখিত “বোর্ড” শব্দের পরিবর্তে “মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি” শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) উপ-বিধি (২) এ উল্লিখিত “৫ (পাঁচ) হাজার” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “১ (এক) হাজার” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) উপ-বিধি (৪) এ উল্লিখিত “সুবিধাজনক সময়ে” শব্দগুলির পরিবর্তে “আবেদন দাখিলের সময় শেষ হওয়ার ১২০ (একশত বিশ) দিনের মধ্যে” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) উপ-বিধি (৬) এ উল্লিখিত “মহাপরিচালক” শব্দের পর “ফলাফল প্রকাশের ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী সন্নিবেশিত হইবে;

(১৬) বিধি ১১৮গ এ উল্লিখিত “Customs Act, 1969 (Act No. IV of 1969) এর Section 19 এর sub-section (1)” শব্দগুলি, কমা, সংখ্যাগুলি ও বন্ধনী

এর পরিবর্তে “কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১)” শব্দগুলি, কমা, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

- (১৭) ফরম “মূসক-২.১” এর Section C. General Information এর Serial No. C9 এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“C9. BIDA/BEPZA/BEZA Issue Date ”;

- (১৮) ফরম “মূসক-৪.১” এ উল্লিখিত “বিল অব এন্ড্রি নম্বর” শব্দগুলির পরিবর্তে “পণ্য ঘোষণা নম্বর” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

- (১৯) ফরম “মূসক-৪.৩” এর বিশেষ দৃষ্টব্য অংশের-

- (ক) ক্রমিক নং ২ এ উল্লিখিত “পণ্য মূল্য বা” শব্দগুলি বিলুপ্ত হইবে;
- (খ) ক্রমিক নং ৩ এ উল্লিখিত “বিল অব এন্ড্রি” শব্দগুলির পরিবর্তে “পণ্য ঘোষণা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) ক্রমিক নং ৪ এর পর নিম্নরূপ ক্রমিক নং ৫ সংযোজিত হইবে, যথা:-

“৫। আমদানিকৃত উপকরণের ক্ষেত্রে কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৭ এ বর্ণিত কাস্টমস মূল্য (Assessable Value) উপকরণের ক্রয়মূল্য হিসেবে বিবেচিত হইবে।”;

- (২০) ফরম “মূসক-৬.১” এর-

- (ক) টেবিলে উল্লিখিত “বিল অব এন্ড্রি নম্বর” শব্দগুলির পরিবর্তে “পণ্য ঘোষণা নম্বর” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) বিশেষ দৃষ্টব্য অংশের ক্রমিক নং ৩ এ উল্লিখিত “বিল অব এন্ড্রি” শব্দগুলির পরিবর্তে “পণ্য ঘোষণা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

- (২১) ফরম “মূসক-৬.২.১” এর টেবিলে উল্লিখিত “বিল অব এন্ড্রি” শব্দগুলির পরিবর্তে “পণ্য ঘোষণার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

- (২২) ফরম “মূসক-৭.১” এর সকল স্থানে উল্লিখিত “বিল অব এন্ড্রি” ও “বিল অব এক্সপোর্ট” শব্দগুলির পরিবর্তে “পণ্য ঘোষণা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

- (২৩) ফরম “মূসক-৯.১” এর-

- (ক) Part-2 এর Serial No. 2a. এ উল্লিখিত “5%” এর পরিবর্তে “7.5%” এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে;

- (খ) Sub-form (For Note-30) এর টেবিলে উল্লিখিত “Bill of Entry Number” এন্ড্রিসমূহের পরিবর্তে “Goods Declaration Number” এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে;
- (গ) মূসক দাখিলপত্র পূরণের নির্দেশিকা এর ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতির অংশ-২: দাখিলপত্র জমার তথ্য এর ক্রমিক নং/নোট ২ক এ উল্লিখিত “৫%” এর পরিবর্তে “৭.৫%” এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) মূসক দাখিলপত্র পূরণের নির্দেশিকা এর সকল স্থানে উল্লিখিত “বিল অব এক্সপোর্টের” ও “বিল অব এন্ট্রির” শব্দগুলির পরিবর্তে “পণ্য ঘোষণার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (২৪) ফরম “মূসক-১০.১” এর সকল স্থানে উল্লিখিত “বিল অব এন্ট্রি” শব্দগুলির পরিবর্তে “পণ্য ঘোষণা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(ড. মোঃ আব্দুর রউফ)
সদস্য (মূসক নীতি)